



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং— ৪১৯৯



ইস্টেয়ার নং - ০৯/২০১৭

তারিখ - ২৭.১০.২০১৭

সকল সদস্যদের প্রতি,

সার্থী,

ব্যাঙ্ক এমপ্লয়িজ ফেডারেশন, পঃবঃ দ্বারা নির্গত ইস্টেয়ার নং ২৮/২০১৭, তারিখ ২৬.১০.২০১৭ এর সম্পূর্ণ অনুলিপি সকল সদস্যদের অবগত হওয়ার জন্য নিচে দেওয়া হলো।

ধন্যবাদ সহ,

(শ্রীজিৎ সেনগুপ্ত)

সাধারণ সম্পাদক

প্রিয় কমরেড,

কমরেড নরেশ পাল জন্মশতবর্ষ স্মারক বক্তৃতা

২০১৭ সাল আমাদের প্রতিষ্ঠাতা সভাপতি, পথপ্রদর্শক, ব্যাঙ্ক কর্মচারী আন্দোলনের প্রবাদপ্রতিম নেতা কমরেড নরেশ পালের জন্মশতবর্ষ ১০ই ফেব্রুয়ারী ২০১৭ তারিখে ৭/২০১৭ নং ইস্টেয়ারে আমরা জানিয়েছিলাম যে “কমরেড নরেশ পালের জন্মশতবর্ষ আমরা উদযাপন করব সারা বছর ধরে। আমাদের চতুর্দশ সম্মেলনের পরে এব্যাপারে বিস্তারিত অনুষ্ঠানসূচী ঠিক হবে”।

বৎসরব্যাপী “কমরেড নরেশ পাল জন্মশতবর্ষ” উদযাপনের প্রারম্ভিক অনুষ্ঠান হিসাবে ৩রা মার্চ ২০১৭ তারিখে একটি বক্তৃতামালা আয়োজিত হয়েছিল, যেখানে “সমাজতন্ত্র আজও প্রাসঙ্গিক” এই বিষয়ের উপর মূল্যবান বক্তব্য রেখেছিলেন সি.আই.টি.ইউ এর রাজ্য সভাপতি কমরেড শ্যামল চক্রবর্তী ও অধ্যাপক সুবিমল সেন।

বি.ই.এফ.আই এর সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী ২৬শে ও ২৭শে আগস্ট ২০১৭ তারিখে দু-দিন ব্যাপী কেন্দ্রীয় ট্রেড-ইউনিয়ন শিক্ষা শিবির সংগঠিত করা হয়েছিল, যেখানে আমাদের রাজ্য, উড়িষ্যা, ত্রিপুরা, আসাম ও উত্তর পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্য থেকে দুই-শতাধিক নবীন ব্যাঙ্ক কর্মী অংশগ্রহণ করেছেন।

এই প্রেক্ষাপটে, আমাদের এবারের “কমরেড নরেশ পাল স্মারক বক্তৃতা” বিশেষ গুরুত্বের দাবী রাখে। বর্তমান জটিল ও সঙ্কটময় জাতীয় পরিস্থিতিতে আমাদের এবারের নির্বাচিত বিষয়: “সাম্প্রদায়িকতার বিপদ ও শ্রমিকশেণীর ঐক্য”। আমাদের অনুরোধে, প্রাক্তন সাংসদ ও গণআন্দোলনের নেতা কমরেড মহিনুল হাসান এই বিষয়ে বক্তব্য রাখতে সম্মতি জানিয়েছেন।

আগামী ৭ই নভেম্বর ২০১৭, মঙ্গলবার, বিকেল ৫-১৫ মিনিটে কলকাতা ইউনিভার্সিটি ইনস্টিটিউট প্রেক্ষাগৃহে

কমরেড নরেশ পাল স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছে।

আশা করি, অনুষ্ঠানের গুরুত্ব বিবেচনা করে, ব্যাপক জমায়েতের মাধ্যমে, অনুষ্ঠানটিকে বিপুলভাবে সফলমন্ডিত করতে সবাই যথাযথ উদ্যোগ নেবেন।

অভিনন্দন সহ,

জয়দেব দাশগুপ্ত

সাধারণ সম্পাদক